হরিরিতি বন্ধহারিত্বম্ অভয়ং মোক্ষমিচ্ছতা ইত্যেষা। মোক্ষস্তু—সর্ব্বক্লেশশান্তি-পূর্ব্বকভগবৎ প্রাপ্তিরেবেতি জ্ঞেয়ম্। এতদনন্তরং বিরাড্‌ধারণামুক্তা তদপবাদেনাপি ভক্তিং তামাহ—স সর্ব্বধীবৃত্ত্যনুভূতসর্ব্ব আত্মা যথা স্বপ্নজনেক্ষিতৈকঃ। তং সত্য-মানন্দনিধিং ভজেত নান্যত্র সজ্জেদ্‌যত আত্মপাতঃ॥ ২৬॥

শ্রীস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা—শ্লোকে "সর্ব্বাত্মা"—এই পদটী উল্লেখ করিয়া শ্রীভগবানের শ্রেষ্ঠত্ব অর্থাৎ প্রিয়তমত্ব বলা হইয়াছে। "ভগবান্"—এই পদটী দ্বারা সৌন্দর্য্য বলা হইয়াছে। ঈশ্বর এই পদটী উল্লেখ করিয়া ভজনের অবশ্য কর্ত্তব্যতা কথিত হইয়াছে। "অভয়" পদের অর্থ মুক্তি, অর্থাৎ যাহারা কাল, কর্ম্ম, মায়াপারতন্ত্র্য হইতে মুক্তিলাভের ইচ্ছা করেন, তাঁহাদের সকলেরই স্বাভাবিক প্রিয়তম পরমসুন্দর, সর্ব্ববন্ধনহারী পরমেশ্বরের কথা শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করা অবশ্য কর্ত্তব্য। এই পর্য্যন্ত টীকার ব্যাখ্যা করা হইল। টীকাতে যে মোক্ষের কথা উল্লেখ করা হইয়াছে, এস্থলে মোক্ষ শব্দের অর্থ কিন্তু সর্ব্বাবেশ-নিবৃত্তিপূর্ব্বক শ্রীভগবৎ-প্রাপ্তিই বুঝিতে হইবে। এই প্রকার উপদেশের পর বিরাট ধারণার কথা উল্লেখ করিয়া, সেই বিরাট ধারণায় চিত্তের আবেশটী অত্যন্ত দোষাবহ দেখাইয়া সেই ভগবদ্ভক্তিরূপেই প্রতিপাদন করিতেছেন। স্বপ্নদ্রষ্টা জীব যেমন স্বপ্নে উপস্থিত ব্যাঘ্র, সর্প, মানুষ প্রভৃতি সকল বস্তু একাই দেখিয়া থাকে, তেমনি পূর্ব্ববর্ণিত লক্ষণ বিরাট ধারণায় সিদ্ধ যোগীপুরুষ বিরাটগত কালের বুদ্ধিবৃত্তি সমূহের দ্বারা বিরাট্‌গত সকল অনুভব করিয়া সেই সত্যস্বরূপ আনন্দনিধি বিরাটের অন্তর্য্যামী শ্রীনারায়ণকেই ভজন করিবে; অন্যত্র বিরাটগত কোনও বস্তুতেই আসক্ত হইবে না। হেহেতু বিরাটগত কোনও বস্তুতে আসক্তি হইলে আত্মার অধঃপাত অর্থাৎ সংসারদশা প্রাপ্ত হইবে। ইতি শ্লোকার্থ ॥ ২৬॥

টীকা চ—সর্ব্বেষাং ধীবৃত্তিভিরনুভূতং সর্ব্বং যেন স এক এব সর্ব্বান্তরাত্মা। তমেব সত্যং ভজেত। অন্যত্রোপলক্ষণে ন সজ্জেত॥ যত আসঙ্গাদাত্মনঃ পাতঃ সংসারো ভবতি একস্য তত্তদিন্দ্রিয়ৈঃ সর্ব্বানুভূতৌ দৃষ্টান্তঃ স্বপ্নজনামীক্ষিতা যথেতি। স্বপ্নেঽপি কদাচিদ্বহুলদেহান্‌প্রকল্প্য জীবস্তত্তদিন্দ্রিয়ৈঃ সর্ব্বং পশ্যতি তদ্বদীশ্বরস্তু বিদ্যাশক্তিত্বান্ন বন্ধ ইত্যেষা॥ অত্র স্ব ধীবৃত্তিভিঃ পশ্যন্নেব সর্ব্বেষাং ধীবৃত্তিভিরপি সর্ব্বং পশ্যতীত্যেব তথোক্তম্। স ঐক্ষতেত্যত্র সর্ব্বধীকৃতিসৃষ্টেঃ পূর্ব্বমপিতচ্ছ্রবণাৎ। তথা স্বপ্নদেহানামীশ্বরকর্ত্তৃকত্বেঽপি জীবকর্ত্তৃকপ্রকল্পনকথনং তৎসংকল্পদ্বারৈবেশ্বরঃ করোতীত্যপেক্ষায়াহুক্তম্। যঃ সর্ব্বধীবৃত্ত্যনুক্তত্বাৎ। সত্যং ভজেতেতি যোজয়িত-ব্যস্তকর্ত্তুর্বিদ্যমানত্বাদয়মেবার্থঃ। স তথাভূতবিরাড্‌ধারণাসিদ্ধো যোগী বিরাড্‌গত-